

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

১ নং এশিয়ান মহাসড়ক, পলাশী-নিলক্ষেত

ঢাকা-১২০৫

**বিষয়ঃ MAB Young Scientists Awards:
Information Regarding Applications
for the year 2000 awards.**

UNESCO Man and the Biosphere (MAB) Programme এর আওতায় আগামী ২০০০ সনে ১০ (দশ) জন তরুণ বিজ্ঞানীকে পুরস্কার (Awards) প্রদান করবে মর্মে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। প্রার্থী নির্বাচনের Criteria ও এনডোরসমেন্টকরণ পদ্ধতিঃ

(ক) MAB young Scientists Awards এর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদনপত্রে প্রার্থীর নিজ দেশের ম্যাব ন্যাশনাল কমিটি কর্তৃক পৃষ্ঠাংকন (endorsement) থাকতে হবে।

(খ) সর্বাধিক ০৩ (তিন) জন প্রার্থীর মনোনয়ন উদ্যোগী সংস্থায় প্রেরণ করতে হবে। তন্মধ্যে ২ (দুই) জনের বয়স ১লা আগস্ট ১৯৯৯ ইং তারিখের মধ্যে অনধিক ৩৫ বছর এবং অপর জনের বয়স অনধিক ৪০ বছর হতে হবে।

(গ) প্রত্যেক বিজয়ী প্রার্থীকে সর্বাধিক ৫০০০/- (পাঁচ হাজার) মার্কিন ডলারের সমপরিমাণ পুরস্কার (Awards) প্রদান করা হবে।

(ঘ) সম্মতিপ্রাপ্ত গবেষণা কর্মটি অবশ্যই ২ (দুই) বছরের মধ্যে সম্পন্ন করতে হবে।

(ঙ) আন্তর্জাতিক ভ্রমণ ব্যয় সাধারণতঃ এই Awards এর অন্তর্ভুক্ত নয়।

(চ) যে সকল বিজ্ঞানী বায়োকেয়ার সংক্রান্ত প্রজেক্ট বা ম্যাব কার্যক্রম সম্পর্কিত বায়োকেয়ারের উপর গবেষণারত তাদের প্রার্থী হিসেবে অগ্রাধিকার প্রদান করা হবে। তবে এ ক্ষেত্রে মহিলা প্রার্থীদের ম্যাব কমিটি উৎসাহিত করবে।

(ছ) প্রার্থীদেরকে প্যারিসস্থ ম্যাব সচিবালয়ে এবং তাদের ম্যাব জাতীয় কমিটিতে গবেষণার উপর একটি প্রতিবেদন উপস্থাপনে সম্মত হতে হবে এবং ইউনেস্কো কর্তৃক তাদের গবেষণার ফলাফল প্রকাশে রাজি থাকতে হবে।

৩। প্রার্থীদের MAB Young Scientists Awards এর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করতে হবেঃ-

(১) ০৩ (তিন) প্রস্থ আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি (এক কপি করে)।

(২) সকল প্রকার ডিপ্লোমা/ ডিগ্রী অর্জনের সনদপত্রের ফটোকপি।

(৩) প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত (সিভি) (তাতে অবশ্যই সকল প্রকার পাসের সনদপত্র ও মার্কশীটের ফটোকপি সংযুক্ত থাকতে হবে)।

(৪)। দেশের মধ্যে কোথায় গবেষণা সম্পন্ন করা হয়েছে (যদি দেশের বাইরে কোথাও গবেষণা কার্য সম্পন্ন করা হয় তবে তা লিখিতভাবে সংশ্লিষ্ট বিষয়ে ষ্টাডি প্লান-এ অবহিত করতে হবে।

(৫) প্রার্থীর প্রস্তাবিত গবেষণার বিশদ বিবরণ (গবেষণার প্রধান উদ্দেশ্য, পদ্ধতি ও আশাভিত ফলাফল উল্লেখসহ)

৪। আগামী ৭ই জুন থেকে ১৩ই জুন ১৯৯৯ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে যাবতীয় তথ্য সংগ্রহ করে আগামী ০৮/০৭/৯৯ ইং তারিখে মধ্যে সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ১ নং এশিয়ান মহাসড়ক, পলাশী-নিলক্ষেত, ঢাকা-১২০৫, এই ঠিকানায় আবেদনপত্রসমূহ জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না।

ডিএফপি-১০৮২৪-১৬/৫

(প্রফেসর কফিল উদ্দিন আহম্মদ)

স-১৪৫২ (১১×২)

কমিশন সচিব।